



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
০৪, রাজউক এডিনিউ, ঢাকা।
www.dol.gov.bd

টংগীস্থ শ্রম কল্যাণ কেন্দ্র ও বহুবিধ সুবিধাসহ মাল্টিপারপাস কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (Construction of a Labor Welfare Center with Multipurpose Multiple Facilities at Tongi, Gazipur)

সারসংক্ষেপ

মন্ত্রণালয়/ বিভাগের নাম	: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: শ্রম অধিদপ্তর
বাস্তবায়নকাল	: ১ এপ্রিল ২০১৯ - ৩০ এপ্রিল ২০২২
প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	: মোট- ৩৫০০.০০ লক্ষ টাকা (জিওবি)
অনুমোদন পর্যায়	: অননুমোদিত
প্রকল্প এলাকা	: টংগী, গাজীপুর।

প্রকল্পের প্রধান উদ্দেশ্য

ষাট দশকে নির্মিত বর্তমানে ভেঙ্গে পড়া ব্যবহার অনুপযোগী শ্রম অধিদপ্তরামীন টংগীস্থ শ্রম কল্যাণ কেন্দ্রের অফিস (প্রশাসনিক) ও আবাসিক ভবন পুনঃনির্মাণ ও আধুনিকায়নের মাধ্যমে অফিসটিকে সেবা প্রদানে সক্ষম ও কার্যোপযোগী করা, কেন্দ্রটি সম্প্রসারণ ও আধুনিকায়নের মাধ্যমে উল্লিখিত অঞ্চলের শ্রম প্রশাসনের কর্মকর্তা-কর্মচারী, শিল্প মালিক ও সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের জ্ঞান নির্ভর কর্মদক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধিতে যুগোপযোগী প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা, শ্রম কল্যাণ কেন্দ্রটির ভিতরে ০৫ বেডের ক্লিনিক্যাল সুবিধাসহ এতদ অঞ্চলের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের উন্নত স্বাস্থ্য সেবা, পুষ্টি জ্ঞান, পরিবার পরিকল্পনা সেবা ও শ্রম আইনসম্মত অধিকার প্রতিষ্ঠায় প্রশিক্ষণ সেবা প্রদানের কার্যক্রম জোরদার করা ইত্যাদি।

প্রকল্পের আওতায় গ্রহীতব্য কার্যাবলী/ প্রধান প্রধান অঙ্গের বিবরণ

- পুরাতন ভবন ভাঙা ও অপসারণ
- আধুনিক সুবিধাদিসহ নতুন ভবন নির্মাণ
- অফিস আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়
- প্রয়োজনীয় যানবাহন ক্রয় ইত্যাদি

প্রকল্পের ফলাফল

- ষাট দশকে নির্মিত বর্তমানে ভেঙ্গে পড়া ব্যবহার অনুপযোগী শ্রম অধিদপ্তরামীন টংগীস্থ শ্রম কল্যাণ কেন্দ্রের অফিস (প্রশাসনিক) ও আবাসিক ভবন পুনঃনির্মাণ ও আধুনিকায়নের মাধ্যমে অফিসটি সেবা প্রদানে সক্ষম ও কার্যোপযোগী হবে।
- শ্রম কল্যাণ কেন্দ্রটির মাধ্যমে এতদ অঞ্চলের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের উন্নত স্বাস্থ্য সেবা, পুষ্টি জ্ঞান, পরিবার পরিকল্পনা সেবা ও শ্রম আইনসম্মত অধিকার প্রতিষ্ঠায় প্রশিক্ষণ সেবা প্রদানের কার্যক্রম জোরদার হবে।
- প্রচলিত শ্রম আইনমতে উন্নত ও আধুনিক শ্রমিক প্রশিক্ষণ সুনিশ্চিতকরণের মাধ্যমে এতদ অঞ্চলের শিল্প সেক্টরে শ্রম অধিকার প্রতিষ্ঠা ও দক্ষ মানব সম্পদ গঠন হবে।
- কেন্দ্রটি সম্প্রসারণ ও আধুনিকায়নের মাধ্যমে উল্লিখিত অঞ্চলের শ্রম প্রশাসনের কর্মকর্তা-কর্মচারী, শিল্প মালিক ও সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের জ্ঞান নির্ভর কর্মদক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধিতে যুগোপযোগী প্রশিক্ষণ ব্যবস্থা চালু হবে।
- নারী শ্রমিকের ক্ষমতায়ন, উৎপাদনশীলতা বৃদ্ধি, কর্মক্ষেত্রে শ্রমিক অধিকার প্রতিষ্ঠা, পারিবারিক কল্যাণ, সামাজিক নিরাপত্তা, শ্রম আইনের প্রাথমিক ধারণা ইত্যাদি বিষয়ে গণসচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন কর্মকান্ড পরিচালিত হবে।
- সংশ্লিষ্ট অঞ্চলের শিল্প সেক্টরে কর্মরত শ্রমিক প্রতিনিধি ও মহিলা শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠায় বিদ্যমান তথ্য প্রযুক্তি সেবার ব্যবহার ও প্রয়োগে সম্বলিত জ্ঞানবৃদ্ধিতে কার্যকর কর্মসূচি পরিচালিত হবে।